# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৮৬০

২২/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ১৯. ঝাড়-ফুকের দু'আ সম্পর্কে।

باب كَيْفَ الرُّقَى

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذٍ، حَدَّثَنَا أَبِي ح، وَحَدَّثَنَا ابْنُ بَشَّارٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، قَالَ حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي السَّفَرِ، عَنِ الشَّعْبِيِّ، عَنْ خَارِجَةَ بْنِ الصَّلْتِ التَّمِيمِيِّ، عَنْ عَمِّهِ، قَالَ أَقْبَلْنَا مِنْ عِنْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَأَتَيْنَا عَلَى حَىٍّ مِنَ الْعَرَبِ فَقَالُوا إِنَّا أُنْبِئْنَا أَنَّكُمْ جِئْتُمْ مِنْ عِنْدِ هَذَا الرَّجُلِ بِخَيْرٍ فَهَلْ عِنْدَكُمْ مِنْ دَوَاءٍ أَوْ رُقْيَةٍ فَإِنَّ عِنْدَنَا مَعْتُوهًا فِي الْقُيُودِ قَالَ فَقُلْنَا نَعَمْ . قَالَ فَجَاءُوا بِمَعْتُوهٍ فِي الْقُيُودِ ـ قَالَ ـ فَقَرَأْتُ عَلَيْهِ فَاتِحَةَ الْكِتَابِ ثَلاَثَةَ أَيَّامٍ غُدْوَةً وَعَشِيَّةً كُلَّمَا خَتَمْتُهَا أَجْمَعُ بُزَاقِي ثُمَّ أَتْفُلُ فَكَأَنَّمَا نُشِطَ مِنْ عِقَالٍ قَالَ فَأَعْطَوْنِي جُعْلاً فَقُلْتُ لاَ حَتَّى أَسْأَلَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " كُلْ فَلَعَمْرِي مَنْ أَكَلَ بِرُقْيَةِ بَاطِلٍ لَقَدْ أَكَلْتَ بِرُقْيَةِ حَقٍّ " .

বাংলা

৩৮৬০. উবাইদুল্লাহ ইবন মু'আয (রহঃ) .... খারিজা ইবন সালত তামিমী (রহঃ) তাঁর চাচা হতে বর্ণনা করেন। তিনি বলেনঃ আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হতে বিদায় নেওয়ার পর আরবের একটি সম্প্রদায়ের নিকট উপস্থিত হই। তারা বলেঃ আমরা শুনেছি, তোমরা ঐ ব্যক্তির (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) থেকে উত্তম কিছু নিয়ে এসেছ। তোমাদের কাছে কোন ঔষধ-পত্র বা দু'আর ব্যবস্থা আছে কি? কেননা, আমাদের কাছে শিকলে বাঁধা অবস্থায় একজন পাগল আছে। রাবী বলেন, আমরা বললাম হ্যাঁ। রাবী বলেনঃ তখন তারা সে শৃঙ্খলিত পাগল ব্যক্তিকে নিয়ে আসে। রাবী বলেনঃ আমি তিন দিন সকাল-সন্ধ্যা সূরা ফাতিহা পড়ে, মুখে থুথু জমা করে, তার প্রতি নিক্ষেপ করি। রাবী বলেনঃ ফলে সে এমন সুস্থ হয়ে যায়, যেন সে বন্ধন মুক্ত হয়। রাবী বলেনঃ তারা আমাকে এর বিনিময় প্রদান করে। তখন তাঁকে জিজ্ঞাসা করায় তিনি বলেন, তুমি তা গ্রহণ কর এবং খাও। আমার জীবনের শপথ! লোকেরা তো মিথ্যা মন্ত্র-তন্ত্র পড়ে বিনিময় গ্রহণ করে খায়, আর তুমি তো সত্য দু'আ পড়ে তার বিনিময় গ্রহণ করে খাচ্ছ।

## English

Narrated Alaqah ibn Sahar at-Tamimi:

We proceeded from the Messenger of Allah (ﷺ) and came to a clan of the Arabs.

They said: We have been told that you have brought what is good from this man. Have you any medicine or a charm, for we have a lunatic in chains?

We said: Yes. Then they brought a lunatic in chains. He said: I recited Surat al-Fatihah over him for three days, morning and evening. Whenever I finished it, I would collect my saliva and spit it out, and he seemed as if he were set free from a bond. He said: They gave me some payment, but I said: No, not until I ask the Messenger of Allah (ﷺ).

He (the Prophet) said: Accept it, for, by my life, some accept it for a worthless charm, but you have done so for a genuine one.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ খারিজা ইবন সালত (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35967

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন